Taxi & Limousine Commission

ভাড়ার গাড়ি

TLC ভাড়ার গাড়ির লাইসেন্স সংরক্ষণের উপায় ঘোষণা করেছে

অবিলম্বে কার্যকর করে নিউ ইয়র্ক সিটি ট্যাক্সি ও লিমুজিন কমিশন ভাড়ার গাড়ির মালিকদেরকে তাদের TLC গাড়ির লাইসেন্সকে একশত আশি (180) দিন পর্যন্ত “স্থগিত” রাখার সুযোগ দেবে। নিম্নে বর্ণিত একটি "সংরক্ষণ" প্রক্রিয়ার মাধ্যমে লাইসেন্সটি স্থগিত রাখা হবে।

আপনি কি যোগ্যতা সম্পন্ন?

- TLC প্লেটযুক্ত সকল ভাড়ার গাড়ি (FHV)-এর লাইসেন্স একশত আশি (180) দিন পর্যন্ত সংরক্ষণে তাদের গাড়ির লাইসেন্স রাখতে পারে। বর্তমানে সংরক্ষণে থাকা FHV গাড়ির লাইসেন্সের জন্য অতিরিক্ত ষাট (60) দিন যোগ হবে যাতে FHV লাইসেন্স মোট একশত আশি (180) দিনের জন্য সংরক্ষণে থাকার সুযোগ পাবে।

শর্তাবলি

- TLC সংরক্ষণ ফরমটি গাড়ির মালিক বা যেকোনো কর্পোরেশনের একজন অফিসার পূরণ করে থাকে।

কীভাবে আপনার TLC ভাড়ার গাড়ি (FHV)-এর লাইসেন্স সংরক্ষণে রাখবেন

1. **গাড়ির লাইসেন্স সংরক্ষণ ফরমটি** প্রিন্ট করে সেটি পূরণ করুন।

   TLC **গাড়ির লাইসেন্স সংরক্ষণ ফরমটির** অনুচ্ছেদ 1 ও 2 ডাউনলোড ও প্রিন্ট করে সেটি পূরণ করুন।

2. TLC-কে FHVStorage@tlc.nyc.gov ঠিকানায় সংরক্ষণ ফরমটি ইমেইল করুন।

   TLC FHV সংরক্ষণ ফরমটি স্ক্যান করে উল্লিখিত ঠিকানায় ইমেইল করুন: FHVStorage@tlc.nyc.gov। কাগজপত্র জমা দিতে অনুগ্রহ করে TLC Long Island City **Facility-তে আসবেন না**। শুধুমাত্র ইমেইলকৃত কাগজপত্র গ্রহণ করা হবে।

3. গাড়ির লাইসেন্সের বিস্তারিত ও ইমেইল বিজ্ঞপ্তি।

   আপনার গাড়ির লাইসেন্সের বিস্তারিত আর সক্রিয় থাকবে না এবং বিস্তারিত "সংরক্ষণে" পরিবর্তিত হবে। গাড়ির লাইসেন্স সংরক্ষণে থাকাকালীন গাড়িটি ভাড়ায় চালানো যাবে না। একশত আশি (180) দিন পর, সংরক্ষণ থেকে আপনার গাড়ির লাইসেন্স অপসারণ করার জন্য আপনাকে বলা হবে বা লাইসেন্সটি বাতিল করা হবে।

Taxi & Limousine Commission

দ্রষ্টব্য: NYS DMV অফিসগুলোতে সীমিত সংখ্যক সরাসরি লেনদেনের কারণে, TLC প্লেটগুলো সমর্পণ সংক্রান্ত বিস্তারিত তথ্যের জন্য **এখানে ক্লিক করুন** বা DMV ওয়েবসাইট, https://dmv.ny.gov এ যান।”

কীভাবে আপনার TLC ভাড়ার গাড়ি (FHV)-এর লাইসেন্স সংরক্ষণ থেকে অপসারণ করবেন

সংরক্ষণ থেকে আপনার গাড়ির লাইসেন্স অপসারণ করতে, অনুগ্রহ করে নিচের নির্দেশনাবলী অনুসরণ করুন। এরপরেও যদি আপনার TLC প্লেট থেকে যায় / আপনার গাড়ির লাইসেন্স সংরক্ষণে থাকার পরও **TLC প্লেটগুলো সমর্পণ না হয়** তাহলে নিম্নোক্ত নির্দেশনাবলী অনুসরণ করুন:

1. ভাড়ার গাড়ির সংরক্ষণের আবেদন ফরমের অনুচ্ছেদ 3 (সংরক্ষণ অনুচ্ছেদ থেকে অপসারণ করুন) পূরণ করুন;
2. আপনার ব্রোকার বা বিমার বাহকের কাছ থেকে বিমা / দায়বদ্ধতার একটি আপডেটকৃত সার্টিফিকেটের অনুরোধ করুন যাতে সার্টিফিকেটে *জারি করার* বর্তমান তারিখ উল্লেখ থাকবে;
3. FHVStorage@tlc.nyc.gov ঠিকানায় ভাড়ার গাড়ির সংরক্ষণের আবেদন ফরম ও বিমা / দায়বদ্ধতার আপডেটকৃত সার্টিফিকেট ইমেইল করুন;
4. *TLC-এর Woodside Inspection ফ্যাসিলিটিতে TLC-এর নতুন ডেক্যাল প্রাপ্তির জন্য* গাড়িটি সরাসরি পরিদর্শনমূলক অ্যাপয়েন্টমেন্টের জন্য নির্ধারিত হবে।

আপনার গাড়ির লাইসেন্স সংরক্ষণে থাকা অবস্থায় আপনি যদি **TLC প্লেট সমর্পণ করে থাকেন** তবে অনুগ্রহ করে এই নির্দেশাবলী অনুসরণ করুন:

1. ভাড়ার গাড়ির সংরক্ষণের আবেদন ফরমের অনুচ্ছেদ 3 (সংরক্ষণ অনুচ্ছেদ থেকে অপসারণ করুন) পূরণ করুন;
2. আপনার ব্রোকার বা বিমার বাহকের কাছ থেকে বিমা / দায়বদ্ধতার একটি আপডেটকৃত সার্টিফিকেটের অনুরোধ করুন যাতে সার্টিফিকেটে *জারি করার* বর্তমান তারিখ উল্লেখ থাকবে;
3. স্থানান্তরের আবেদন সম্পন্ন করুন (নতুন TLC প্লেট পাওয়ার জন্য আপনাকে অবশ্যই একটি প্লেট স্থানান্তর করতে হবে), **এই পেজে রয়েছে**;
4. FHVStorage@tlc.nyc.gov ঠিকানায় ভাড়ার গাড়ির সংরক্ষণের আবেদন ফরম, সম্পন্নকৃত স্থানান্তরের আবেদন ও বিমা / দায়বদ্ধতার আপডেটকৃত সার্টিফিকেট ইমেইল করুন;
5. আপনি যখন TLC-এর লং আইল্যান্ড সিটি (LIC) অফিসে আবেদন জমা দেওয়ার জন্য অ্যাপয়েন্টমেন্ট নির্ধারণ করবেন তখন আপনাকে জানানো হবে;
6. TLC-এর LIC অফিসে আপনার স্থানান্তরের অ্যাপয়েন্টমেন্টে জমা দিন;
7. *TLC-এর Woodside Inspection ফ্যাসিলিটিতে TLC-এর নতুন ডেক্যাল প্রাপ্তির জন্য* গাড়িটি সরাসরি পরিদর্শনমূলক অ্যাপয়েন্টমেন্টের জন্য নির্ধারিত হবে।

প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী

- বিস্তারিত তথ্যের জন্য অনুগ্রহ করে **ভাড়ার গাড়ির সংরক্ষণ অপশন বিষয়ক প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী** পড়ুন।

Taxi & Limousine Commission

ভাড়ায় চালিত গাড়ি (FHV) সংরক্ষণ সম্পর্কিত প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী – বর্তমান প্রক্রিয়া

1. **প্রশ্ন.** আমি কীভাবে সংরক্ষণের লাইসেন্স জমা করব?

   উত্তর. আপনাকে TLC ওয়েবসাইট থেকে ভাড়ায় চালিত গাড়ি (FHV) TLC সংরক্ষণ ফরমটি প্রিন্ট করতে হবে এবং অনুচ্ছেদ 1 ও 2 পূরণ করতে হবে। পূরণকৃত ও স্বাক্ষরিত একটি ফরমটি FHVStorage@tlc.nyc.gov ঠিকানায় ইমেইল করতে হবে। সংরক্ষণে আপনার গাড়ির লাইসেন্স জমা হওয়ার পর আপনি একটি নিশ্চিতকরণ বার্তা পাবেন।

2. **প্রশ্ন.** DMV অফিসের লেনদেন সীমিত অবস্থায় রয়েছে এক্ষেত্রে কীভাবে আমি আমার LC প্লেট সমর্পণ করব?

   উত্তর. NYS DMV অফিসগুলোতে সীমিত সংখ্যক সরাসরি লেনদেনের কারণে, TLC প্লেটগুলো সমর্পণ সংক্রান্ত বিস্তারিত তথ্যের জন্য এখানে ক্লিক করুন বা DMV ওয়েবসাইট, https://dmv.ny.gov এ যান

3. **প্রশ্ন:** আমাকে কি আমার FHV লাইসেন্স সংরক্ষণে রাখতে হবে?
   উত্তর: না। সংরক্ষণে আপনার গাড়ির লাইসেন্স রাখার বিষয়টি সম্পূর্ণভাবে ঐচ্ছিক।

4. **প্রশ্ন**: আমার ডেক্যালগুলি অপসারণের জন্য আমাকে কি Woodside-এ যেতে হবে?
   উত্তর: COVID-19 মহামারী চলাকালীন সরাসরি ভিজিট সীমিত থাকার কারণে আপনাকে এই মুহূর্তে TLC-এর Woodside ফ্যাসিলিটিতে যাওয়ার প্রয়োজন হবে না।

5. **প্রশ্ন:** আমি আমার TLC প্লেট সমর্পণ করার পরে কি আমার বিমা সংস্থার কাছ থেকে অর্থ ফেরত বা ব্যয় ফেরত সুবিধা পাব?
   উত্তর: আপনার প্লেট সমর্পণ করার আগে, বিমা সম্পর্কিত যেকোনো প্রত্যাশিত অর্থ ফেরত বা ব্যয় ফেরত সম্পর্কে বিস্তারিত জানতে অনুগ্রহ করে আপনার বিমা কোম্পানির সাথে যোগাযোগ করুন।

6. **প্রশ্ন:** আমার নিকট স্টেটের বাইরের বা কাস্টম প্লেট থাকলে কী হবে।
   উত্তর: আপনার প্লেট সমর্পণ বা কাস্টম প্লেট স্টোর করা সম্পর্কিত বিস্তারিত তথ্যের জন্য আপনাকে আপনার স্থানীয় DMV অফিসে যোগাযোগ করতে হবে।

7. **প্রশ্ন**: যদি আমি লাইসেন্স ব্যবহার না করে থাকি তাহলে কি TLC আমার ব্যয় হওয়া অর্থ ফেরত দিবে?
   উত্তর: না। TLC-এর ফি ফেরতযোগ্য নয়।

8. **প্রশ্ন:** লাইসেন্স সংরক্ষণে জমা রাখার জন্য কি কোনো TLC ফি আছে?
উত্তর: কোনো ফি এর প্রয়োজন নেই।

9. **প্রশ্ন:** আমার ডেক্যালগুলি অপসারণ করা হয়েছে এবং FHV TLC সংরক্ষণ ফরম পূরণ করা হয়েছে এ বিষয়টি আমি TLC-কে কীভাবে জানাবো?
উত্তর: যখন আপনি সংরক্ষণ ফরমটি পূরণ করেন তখন আপনি প্রত্যয়ন ও নিশ্চিত করেন যে যেটির জন্য সংরক্ষণ ফরমটি জমা দেওয়া হচ্ছে সেই গাড়িটি থেকে সকল TLC ডেক্যাল থেকে অপসারণ করা হয়েছে।

10. **প্রশ্ন:** আমি কতদিন আমার লাইসেন্স সংরক্ষণে রাখতে পারবো?
উত্তর: একশত আশি (180) দিন।

11. **প্রশ্ন:** আমি কতবার আমার FHV লাইসেন্স সংরক্ষণে রাখতে পারবো?
উত্তর: শুধুমাত্র একবার।

12. **প্রশ্ন:** একশত আশি (180) দিন শেষ হয়ে গেলে কি আমাকে জানানো হবে?
উত্তর: হ্যাঁ।

13. **প্রশ্ন:** যদি একশত আশি (180) পরেও লাইসেন্সটি সংরক্ষণ থেকে বের না করি তাহলে কী হবে?
উত্তর: আপনার লাইসেন্স বাতিল হয়ে যাবে।

14. **প্রশ্ন:** যদি আমি বিমার অর্থ দেওয়া বন্ধ করে দেই তাহলে কী হবে?
উত্তর: আপনি যদি আপনার বিমার অর্থ দেওয়া বন্ধ করেন তাহলে কী ঘটবে সে সম্পর্কিত বিস্তারিত তথ্যের জন্য আপনার বিমা কোম্পানি ও আপনার স্টেটের প্লেট ইস্যুকারী DMV-তে যোগাযোগ করুন।

15. **প্রশ্ন:** যদি আমি আমার মেয়াদোত্তীর্ণ বিমার কারণে আমার প্লেটগুলি সমর্পণ করি এবং সে সম্পর্কে TLC-কে না জানাই তাহলে কী হবে?
উত্তর: আপনার লাইসেন্স বাতিল হয়ে যাবে।

16. **প্রশ্ন:** TC প্লেটযুক্ত DMV নিবন্ধন কি সক্রিয় থাকা প্রয়োজন?
উত্তর: গাড়ি সংরক্ষণে থাকাকালীন অবস্থায় বা প্লেট DMV-তে সমর্পণের সময় সক্রিয় DMV নিবন্ধন TLC-এর কোনো শর্ত নয়।

17. **প্রশ্ন:** সংরক্ষণে থাকা যেকোনো গাড়ির জন্য কি বিমা চালিয়ে যেতে হবে?
উত্তর: গাড়ি সংরক্ষণে থাকাকালীন অবস্থায় বা প্লেট DMV-তে সমর্পণের সময় বিমা TLC-এর কোনো শর্ত নয়।

18. **প্রশ্ন:** আমি কি চাইলে একশত আশি (180) দিন আগে সংরক্ষণ থেকে আমার গাড়ির লাইসেন্স অপসারণ করতে পারব?
উত্তর: হ্যাঁ। আপনি একশত আশি (180) দিনের আগে যেকোনো সময় সংরক্ষণ থেকে আপনার গাড়ির লাইসেন্স অপসারণ করতে পারেন তবে একবার অপসারণের পর আপনি আবার লাইসেন্সটি সংরক্ষণে রাখতে পারবেন না।

19. **প্রশ্ন:** আমি কীভাবে আমার গাড়ির লাইসেন্স সংরক্ষণ থেকে অপসারণ করব এবং নতুন TLC ডেক্যাল পাব?
উত্তর: FHV লাইসেন্স সংরক্ষণ থেকে বের করতে, সংরক্ষণ ফরমের অনুচ্ছেদ 3 পূরণ করুন এবং নিম্নোক্ত যেকোনো একটি প্রদান করুন: ঘোষণার পৃষ্ঠা/ইস্যুর আপডেটকৃত তারিখসহ দায়বদ্ধতার সার্টিফিকেট বা বিমা কোম্পানির বর্তমান তারিখযুক্ত কভারেজ লেটার যাতে বর্তমান কভারেজের পরিমাণ তালিকাভুক্ত রয়েছে। বিমার সীমা TLC-এর ওয়েবসাইটে বর্ণিত TLC-এর ন্যূনতম শর্তাবলি পূরণ করে তা নিশ্চিত করুন। FHVStorage@tlc.nyc.gov ঠিকানায় সংরক্ষণ ফরম ও সকল কাগজপত্র ইমেইল করুন। সংরক্ষণ থেকে আপনার গাড়ির লাইসেন্স অপসারিত হলে, TLC-এর LIC ফ্যাসিলিটিতে গিয়ে উপস্থিত হওয়ার মতো একটি অ্যাপয়েন্টমেন্ট নিশ্চিত হলে এবং নতুন TLC প্লেট পাওয়ার মতো সময় হলে আপনি নিশ্চিতকরণ বার্তা পাবেন। তারপরে TLC-এর ইন্সপেকশন ফ্যাসিলিটিতে সরাসরি পরিদর্শনমূলক অ্যাপয়েন্টমেন্ট নিশ্চিত করতে আপনার জন্য একটি সময়সূচি নির্ধারিত হবে করা হবে যেখানে গাড়িটিতে TLC ডেক্যালগুলি লাগানো হবে।